

সংবাদ বিজ্ঞপ্তি

নোবিপ্রবিতে ক্যাম্পাস পরিষ্কার কর্মসূচি অনুষ্ঠিত

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (নোবিপ্রবি) ক্যাম্পাস পরিষ্কার কর্মসূচি-২০২৫ অনুষ্ঠিত হয়েছে। আজ বুধবার (২৯ জানুয়ারি ২০২৫) 'নিজ আঙ্গিনা পরিষ্কার রাখি সবাই মিলে সুস্থ থাকি' প্রতিপাদ্যে আয়োজিত কর্মসূচি প্রধান অতিথি হিসেবে উদ্বোধন করেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল।

অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন উপ-উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ রেজওয়ানুল হক ও কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মোহাম্মদ হানিফ মুরাদ।

উদ্বোধনকালে সংক্ষিপ্ত বক্তব্যে নোবিপ্রবি উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল বলেন, এ কর্মসূচির মাধ্যমে আমাদের শিক্ষার্থীরা সচেতন হবে এবং বাইরে থেকে যারা ক্যাম্পাসে আসবেন তারাও সচেতন হবেন। যথাস্থানে ময়লা ফেলার জন্য আমাদের নির্দিষ্ট যে বিনগুলো রয়েছে সেগুলো যদি আমরা ব্যবহার করি তাহলে ক্যাম্পাসটা সুন্দর হবে এবং সবার কাছেই ভালো লাগবে। আমি ক্যাম্পাস পরিষ্কার-পরিচ্ছন্নতা কর্মসূচির উদ্বোধন ঘোষণা করছি এবং সফলতা কামনা করছি।

এসময় আরও উপস্থিত ছিলেন নোবিপ্রবি পরিবেশ বিজ্ঞান ও দুর্যোগ ব্যবস্থাপনা বিভাগের শিক্ষক ও শিক্ষার্থীবৃন্দসহ বিশ্ববিদ্যালয়ের কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ। কর্মসূচির সার্বিক সহযোগিতায় ছিল কোষ্টাল এনভায়রনমেন্ট নেওয়ার্ক ও চলো পাল্টাই ফাউন্ডেশন।

R. Kader

রায়হান কায়সার হাশেম
সহকারী রেজিস্ট্রার
জনসংযোগ ও প্রকাশনা দপ্তর